"ছেলে হোক, মেয়ে হোক
দু'টি সন্তানই যথেষ্ট"

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
জেলা পরিবার পরিকল্পনা কার্যালয়, ঝালকাঠি
fpo.jhalakathi.gov.bd

বিষয়: **গালুয়া UHFWC এর পরিদর্শন প্রতিবেদন প্রেরণ প্রসংগে।**

পরিদর্শন প্রতিবেদন

অদ্য ১০/০১/২০২৩ খ্রি. তারিখ সকাল ৯.৩০ ঘটিকায় গালুয়া UH&FWC পরিদর্শন করি। পরিদর্শনকালে আয়াকে কেন্দ্রে উপস্থিত পাওয়া যায়। পরিদর্শনের সময়ে মেডিকেল অফিসার(সিসি) এবং ডিস্ট্রিক্ট কনসালটেনন্ট ডাঃ সৌরেন্দ্রনাথ সাহা উপস্থিত ছিলেন। মূল গেইট ছাড়া সকল কক্ষ তালাবদ্ধ দেখা যায়। কিছু সময় পর SACMO উপস্থিত হয়েছেন। মাসিক সভা থাকায় FWV উপজেলা অফিসে গমন করেছেন বলে জানা যায়। পরে FWV উপস্থিত হয়েছেন। উক্ত ইউনিয়নে FPI এর পদ শূন্য রয়েছে। কেন্দ্রটিতে Updated সিটিজেন চার্টার দেখা যায়নি। এছাড়া পরিবার পরিকল্পনা বিভাগের পূর্বের শ্লোগান দৃশ্যমান হয়। জানা যায় যে, উক্ত কেন্দ্রটি কৈশোর বান্ধব স্বাস্থ্য সেবা প্রদানের জন্য নির্ধারিত। কিন্তু কৈশোর বান্ধব সেবা প্রদানের কোন নির্দিষ্ট সিটিজেন চার্টার কিংবা নির্দেশক কোন চিহ্ন পাওয়া যায়নি। ব্যবহারযোগ্য ( Usable) ও অব্যবহৃত (Unusable) মালামাল একত্রিত রেখে স্টোর পরিচালনা করা হয়।কেন্দ্রে SACMO/FWV কে ICR সংরক্ষণ করতে দেখা যায় না। এরফলে মালামালের সঠিক হিসাব পাওয়া কঠিন। স্টোরে দেখা যায়, ২৩ আইটেমের ১০/০৫/২০২০ তারিখের প্যাকেজের ৩টি D&DS kit এর গায়ে মেয়াদোত্তীর্ণ হয়েছে এমন তারিখ রয়েছে। যার মধ্যে ১টির গায়ে মার্চ ২০২২ এবং অন্য ২টির গায়ে এপ্রিল ২০২২ লেখা রয়েছে। এছাড়া ২০ কেজি ওজনের ০১টি Normal Delivery Kit এর গায়ে মেয়াদোত্তীর্ণ হয়েছে এমন তারিখ লেখা রয়েছে। উক্ত কিটের গায়ে মে/২০২২ মেয়াদ লেখা রয়েছ। অথচ বর্তমানে যে কিটটি থেকে ঔষধ বিতরণ করা হচ্ছে তার গায়ে জানুয়ারি/২০২৩ লেখা দেখা যায়। স্টোর ব্যবস্থাপনার FEFO (First Expiry First Out) পলিসি অনুসরণ করা হয় না। SACMO এর কক্ষে Physician Sample এর বেশ কিছু ঔষধ পরিলক্ষিত হয়। SACMO দৈনিক স্টক রেজিস্টার দেখাতেও সক্ষম হয়নি। পরিদর্শন রেজিস্টার থেকে জানা যায়, বিভাগীয় পরিচালক মহোদয় উক্ত কেন্দ্র পরিদর্শন করে ঔষধসমূহ মেয়াদোত্তীর্ন হওয়ার পূর্বেই ব্যবহার করার নির্দেশনা দিয়েছেন। সে নির্দেশনা অনুসরণ করতে কোন পদক্ষেপ নেয়া হয়ছে বলেও দৃশ্যমান হয়নি।

পরামর্শঃ

১। SACMO/FWV কে স্টোর ব্যবস্থাপনার FEFO পলিসি অনুসরণ করে সেবা প্রদান। যথাযথ প্রক্রিয়ায় ICR সংরক্ষণ করা। এছাড়া নিয়মানুযায়ী D&DS kit খোলার সময়ে স্থানীয় জনপ্রতিনিধিকে সম্পৃক্ত করার ব্যবস্থা গ্রহণ।

২। SACMO কে UH&FWC পরিচালনা কমিটির সভা নিয়মিত করা।

৩।UFPO/MO(MCH-FP) কে কৈশোর বান্ধব স্বাস্থ্য সেবা নিশ্চিত করনে প্রদেয় নমুনা অনুযায়ী সিটিজেন চার্টারসহ সেবাকেন্দ্র নির্দেশক সাইনবোর্ড স্থাপনে যথাযথ ব্যবস্থা গ্রহণ করা।

৪। FPI কে ইউনিয়ন পরিবার পরিকল্পনা কমিটি এবং পাক্ষিক সভা নিয়মিত করা।

৫। SACMO/FWV/FPI এর অগ্রীম ভ্রমনসূচি দৃশ্যমান জায়গায় প্রদর্শনের ব্যবস্থা করা।

৬। SACMO/FWV/FPI কে কার্যক্রম দৃশ্যমান করণে ইনোভেটিভ আইডিয়া গ্রহণ করা।

৭। SACMO/FWV/FPI কে eMIS কার্যক্রমকে জোরদার করণে ব্যবস্থা গ্রহণ করা।

৮। SACMO কে স্কুল স্বাস্থ্য নিশ্চিত করা।

৯। স্যাটেলাইট ক্লিনিক আরো সফলতার সাথে সংগঠনে সংশ্লিষ্ট FWV কে FPI/FWA এর সহায়তা বৃদ্ধি করা।

১০। ইউনিয়নের সকলের সহযোগিতায় বিশেষ ক্যাম্প আয়োজন করা।

১১। FPI কে আশ্রয়ন প্রকল্পে অগ্রাধিকার ভিত্তিতে PRS সম্পন্ন করে সেবা প্রদান নিশ্চিত করা।

১২। পরিবার পরিকল্পনা, মা ও শিশু স্বাস্থ্য সেবা নিশ্চিত করণে সকলকে সমন্বিত কার্যক্রম করা।

১০-১-২০২৩
মোঃ শহীদুল ইসলাম
উপ পরিচালক
ফোন: 0498-63444
ইমেইল:
ddfpjhalakathi@gmail.com

উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা/ মেডিকেল অফিসার ( এমসিএইচ-এফপি), রাজাপুর, ঝালকাঠি জেলা।

স্মারক নম্বর: ৫৯.১১.৪২০০.০০০.৩৩.০০১.২৩.১১

তারিখ: ২৬ পৌষ ১৪২৯
১০ জানুয়ারি ২০২৩

সদয় অবগতির জন্য অনুলিপি:
১) পরিচালক, বিভাগীয় পরিবার পরিকল্পনা কার্যালয়, বরিশাল।

১০-১-২০২৩
মোঃ শহীদুল ইসলাম
উপ পরিচালক